[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্ধোধন

“বৃক্ষ রোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালিটি বের হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে বাদ্যযন্ত্রের তালে তালে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিতে অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সামাজিক বন বিভাগ কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা মো. রেজাউল আলম, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত কৃষি কর্মকর্তা শায়খুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, মেহেরপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, বন কর্মকর্তা এইচ. টি. হামিম, জেলা জাসাসের আহ্বায়ক বাকা বিল্লাহসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

র্যালি শেষে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, বনায়ন সম্প্রসারণ এবং দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি সফল করতে সবাইকে বেশি বেশি গাছ লাগানো ও পরিচর্যার আহ্বান জানান। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সবুজ বাংলাদেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়।

দামুড়হুদায় সুলভ মূল্যে মাংস-ডিম বিক্রির উদ্ধোধন

পবিত্র মাহে রমজানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলায় সুলভ মূল্যে প্রাণিজাত পণ্য বিক্রয় কার্যক্রম শুরু হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের যৌথ উদ্যোগে এ বিশেষ কর্মসূচির উদ্বোধন করা হয়।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে দেওলী মোড়ে অবস্থিত আতিকুর মিট স্টোর প্রাঙ্গণে কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপীসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, আসন্ন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় প্রাণিজাত পণ্যের মূল্য সহনীয় রাখতে এবং সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে মাংস ও ডিম সরবরাহ নিশ্চিত করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। নির্ধারিত মূল্যে গরু ও মুরগির মাংস এবং ডিম বিক্রি করা হবে, যাতে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের মানুষ স্বস্তিতে রমজানের প্রস্তুতি নিতে পারেন।

এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপী বলেন, কেন্দ্রীয় নির্দেশনার আলোকে সারা দেশে সুলভ মূল্যে মাংস ও ডিম বিক্রির উদ্যোগ নেওয়া হয়েছে। তারই অংশ হিসেবে চুয়াডাঙ্গার দামুড়হুদায় নির্ধারিত বিক্রয়কেন্দ্রে সাধারণ ক্রেতারা কম মূল্যে প্রাণিজাত পণ্য ক্রয় করতে পারছেন।

তিনি আরও বলেন, রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের চাহিদা বেড়ে যায়। এ সময় সাধারণ মানুষের ওপর যেন বাড়তি চাপ না পড়ে, সেজন্যই এই উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। দোকানদার নিজেও একজন খামারি হওয়ায় উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনায় অভিজ্ঞতা রয়েছে, ফলে সুলভ মূল্যে পণ্য সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল জানান, বাজার মনিটরিংয়ের পাশাপাশি এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত থাকবে। রমজানে কেউ যেন কষ্টে না থাকেন, সে লক্ষ্যেই প্রশাসনের এই

উদ্যোগ। স্থানীয়রা এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এবং রমজানজুড়ে কার্যক্রম চালু রাখার আহ্বান জানিয়েছেন।

দর্শনা কেরুজ আধুনিকায়ন প্রকল্পের বয়লিং হাউজের স্লো ফায়ারিংয়ের উদ্ধোধন

বাংলাদেশের সবচেয়ে বড় চিনিকল হলো দর্শনা কেরুজ চিনিকল। এ বড় চিনিকলের নতুন আধুনিকায়ন প্রকল্পের ২০২৫-২৬ মাড়াই মৌসুমের ১০২ কোটি ২১ লাখ টাকার কাজের নতুন বয়লিং হাউজের স্লো ফায়ারিংয়ের শুভ উদ্ধোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বেলা ৩ টার দিকে দর্শনা কেরুজ চিনিকলের নতুন বয়লিং হাউজের ফ্যাক্টরির ভিতরে দোয়া মাহফিল ও বয়লিং হাউজের আগুন নিক্ষেপের মাধ্যমে উদ্ধোধনী অনুষ্ঠিত হয়।

এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্য ব্যাবস্থাপনা পরিচালক মীর রাব্বিক হাসান। এ সময় তিনি বলেন, ১৯৩৮ সাল থেকে মিলটি একই ভাবে চলছে। তবে মিলটি ইতিমধ্যে বিএমআর আইয়ের কাজ চলছে। তাই বয়লিং হাউজ মিলের একটি গুরুত্বপুর্ন জায়গা। সেজন্য আমরা পরিক্ষা মূলকভাবে ১৫/২০ দিন আগে দেখে নিই কোন সমস্যা আছে কিনা। যদি সমস্য থাকে তাহলে আমরা দ্রুত সারিয়ে তুলতে পারবো। ইতিমধ্যে আমাদের বিএম আর আই প্রকল্পের দ্বীতীয় ধাপের কাজ প্রায় শেষ প্রান্তে। তাই এ বছরই নতুন বয়লিং হাউজে আখ মাড়াই করতে সক্ষম হবো বলে আশা করছি।

এ বয়লিং হাউজটি চালু হলে বাংলাদেশ সরকার লাভবান হবে বলে তিনি মন্তব্য করেন। ২০১২ সালের কাজ ২ বছরে শেষ হওয়ার কথা থাকলেও বিভিন্ন জটিলতায় ১৩ বছর লেগে গেছে। তাই নতুন করে বি এম টি এফ প্রকল্পের দায়িত্ব দেওয়া হয়েছে। এ প্রকল্পটি ইতিমধ্যেই কাজ করে ফেলেছে। তাই আশা করছি আগামী ৫ ডিসেম্বর ২০২৫-২৬ মাড়ই মৌসুমের নতুন বয়লিং হাউজ দিয়ে মড়াই যাত্রা শুরু করতে পারবো বলে আশা

করছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন, বিএম আর প্রকল্পের পিডি ফিদা হোসেন বাদশা, বি এম টি এফের ডাইরেক্টর ম্যানেজার বেলায়েত হোসেন, দর্শনা কেরুজ চিনিকলের মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা (কারখানা), আশরাফুল আলম ভৃূইয়া (কৃষি), মীর্জা গালিব (এডিএম), ইসমাইল হোসেন মোল্লা (যন্ত্রাশং)। অনুষ্টানে দোয়া পরিচালনা করেন, কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা আজাদী। উল্লেখ্য থাকে যে, দুই বছর সময় বেঁধে দিয়ে ২০১২ সালে ‘বিএমআর অব কেরু অ্যান্ড কোং (বিডি) লিমিটেড’ নামে প্রকল্পটির অনুমোদন দেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অনেক পুরোনো এই চিনিকলটির আধুনিকায়ন এবং আখ মাড়াই ও চিনি উৎপাদন যন্ত্রপাতি প্রতিস্থাপনের লক্ষ্যে তখন খরচ ধরা হয়েছিল ৪৬ কোটি টাকা। কিন্তু সে সময়ে তো হয়নি বরং একবার নয়, দুইবার নয় সাতবার সংশোধন করে সময় বাড়ানো হয় ২০২৫ সালের জুন্ পর্যন্ত। খরচ দ্বিগুণেরও বেশি বেড়ে দাড়িয়েছে ১০২ কোটি টাকায়। তারপরও ১৪ বছরে শেষ হয়নি প্রকল্পটির কাজ। তাই বাকি কাজ শেষ করতে শিল্প মন্ত্রণালয় থেকে সময় বাড়ানোর প্রস্তাব করা হলে সম্প্রতি একনেক সভায় অনুমোদন দেওয়া হয়। ২০২৬ সালের জুনে পুরো কাজ শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

গত ১৭ আগস্ট জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অষ্টমবারের মতো সংশোধনের অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটি বাস্তবায়ন করছে বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশন (বিএসএফআইসি)। তাই দ্বিতীয় ধাপে প্রকল্পটি চেন্জ করা হয়েছে গত ৪ নভেম্বর।

দর্শনা পৌরসভায় বৃক্ষ রোপন উদ্ধোধন উপলক্ষে আলোচনা সভা

অনুষ্টিত

গাছ লাগায় পরিবেশ বাঁচাই এ স্লোগানকে সামনে রেখে দর্শনা পৌরসভায় রাস্তার দুই পাশে বৃক্ষ রোপন ও আলোচনা সভা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চ আবু সাঈদ চত্তরে এ বৃক্ষ রোপন কর্মসৃচী অনুষ্টিত হয়।

বৃক্ষ রোপন অনুষ্ঠানে সচেতন নাগরিক সমাজের আহবায়ক শিক্ষক হারুন জুয়েলের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রফেসার আজিজুর রহমান, এ সময় মুক্ত মঞ্চে এই বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্ভোধন অনুষ্ঠানে বলেন, সবাই বেশি বেশি বৃক্ষ রোপন করে দেশটাকে আরো সবুজায়ন করতে হবে। সেই সাথে সবাইকে এক হয়ে দেশের উন্নয়নে কাজ করে যেতে হবে।

এ সময় আরও বক্তব্য দেন দর্শনা পৌরসভার কাউন্সিলর রবিউল হক সুমন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শিক্ষক আল হেলাল রাজা, তারিফ উদ্দিন, শিক্ষক ফারুক আহমেদ, আঃ খালেক ,আঃ হান্নান দূলাল, ডাবলু, জনি, রশিদ, সজল, সজিব ও সচেতন নাগরিক সমাজের সম্মানিত সদস্যবৃন্দ।

উপস্থাপনা করেন সদস্য বাকী বিল্লাহ।দর্শনা পৌরসভার রেল বাজার থেকে দর্শনা বাসষ্ট্যান্ড রাস্তার দু পাশে বিভিন্ন ধরনের ১শ টি ফুল ও ফলের গাছ লাগানো হয়। এ বৃক্ষ রোপন অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন এম.ডি আর্থ মুভিং সলিউশন, ঢাকা ইঞ্জিনিয়ার মুজিবুল হক।

দর্শনায় বিভিন্ন উন্নয়ন মৃলক কাজের উদ্ধোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পরানপুরে ১ কোটি ৯৫ লক্ষ ২৬ হাজার ও ইসলামবাজারে ৩০ লক্ষ ৬৩ হাজার টাকা ব্যায়ে আর সিসি ড্রেন নির্মান কাজের উদ্ধোধন করলেন এমপি আলী আজগার টগর।

আজ রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌর সভার পরানপুর ৫ নং ওয়ার্ডের বটতলা হতে গোপালখালী পর্যন্ত ৫শ মিটার ও দর্শনা ৭ নং ওয়ার্ডের ইসলামবাজার পাড়ার ২শ ৫০ মিটার আরসিসি ড্রেন নির্মান কাজের শুভ উদ্ধোধন করেন।

ড্রেন উদ্ধোধনের সময় এমপি আলী আজগার টগর বলেন,এ সরকার উন্নয়ন মৃলক সরকার, সরকার দীর্ঘদিন ক্ষমতায় আছে বলে দেশে আজ এতো উন্নয়ন মৃলক কাজ হচ্ছে। এমন কোন গ্রাম নেই সেখানে উন্নয়ন হয়নি।

তিনি আরো বলেন, বর্তমান সরকার দেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে প্রতিষ্ঠা করতে কাজ করছে। এই উন্নয়ন কাজে সকল শ্রেণি-পেশার মানুষের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

এ সময় আরও উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,বীর মুক্তিযোদ্ধা ও পৌর আওয়ামীলীগের সভাপতি রুস্তম আলী, দর্শনা পৌরসভার নির্বাহী প্রকৌশলী সাজেদুল আলম,ওয়ার্ড সেক্রেটারি ফরজ মল্লিক,যুবলীগ নেতা আব্দুল মান্নান,আশরাফুজ্জামান বেল্টু,সাইফুল ইসলাম হুকুম,আশরাফুল আলম প্রমুখ।

কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই উদ্ধোধন আজ

কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই মৌসুম শুরু করতে যাচ্ছে আজ ১৫ ডিসেম্বর শুক্রবার দেশের সবচেয়ে বড় চিনিকল চুয়াডাঙ্গার দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি। এ বছর মাড়াই মৌসুম সফল করতে সকল প্রস্তুতি ও ধোয়া মোছার কাজ প্রায় সম্পন্ন করেছে চিনিকল কর্তৃপক্ষ।

২০২৩-২৪ চলতি মৌসুমে কেরু এ্যান্ড কোম্পানীর নিজস্ব জমিতে আখ দণ্ডায়মান আছে ১১শ ৫৩ একর এবং সাধারন চাষীদের রয়েছে ২ হাজার ৬শ৪৯ একর আখ।এ মৌসুমে ২০২৩-২৪ অর্থ বছরে ৫০/৫৫ মাড়াই কার্য দিবসে ৬৫ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৪ হাজার মেট্রিকটন চিনি উৎপাদনের

লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে।যা শতকরা ৬.২০ ভাগ চিনি আহরনের নির্ধারন করা হযেছে।

একমাত্র অর্থনৈতিক চালিকাশক্তি চুয়াডাঙ্গার দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি একটি ভারী শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠাকাল ১৯৩৮ সাল, আর এটি বাংলাদেশের বৃহত্তম চিনি কল। তবে উপজাত হিসেবে এই কারখানা থেকে মদ উৎপাদিত হয়ে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি সর্বোচ্চ পণ্য বিক্রির রেকর্ড করেছে। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যগুলো হলো চিনি, মদ, জৈব সার, চিটাগুড়, মণ্ড।

চিনিকলের পণ্য উৎপাদনের মেশিন। ফলে গত বছরের লোকসানের বোঝা মাথায় এ মৌসুমের যাত্রা শুরু করলেও মৃল লক্ষ্য মুনাফা অর্জন নয়, লোকসান কমানোর জন্য নেওয়া হয়েছে নানা মুখি পদক্ষেপ।লোকসান কমানোর জন্য দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন লোকসান কমানোর অন্যতম কারন দেখছেন হারভেষ্টার মেশিন।

এ বছরে কেরু এ্যান্ড কোম্পানিতে নতুন হারভেষ্টার মেশিন দেওয়ায় কিছুটা লোকসান কমতে পারে বলে মনে করছে কতৃপক্ষ। এবার কেরুর নিজস্ব খামারের জমিতে নিজস্ব হারভেষ্টার মেশিনে আখ কাটলে অনেকটাই সাশ্রয়ী হবে অর্থ।

আজ শুক্রবার বিকাল ৩ টায় কেরুজ কেইন ক্যারিয়ার চত্তরে আলোচনাসভা ও দোয়ার মধ্যে দিয়ে ২০২৩-২৪ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু করবে।

এ অনুষ্ঠানে আনুষ্ঠানিক উদ্ধোধন করবেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান গ্রেড(১)শেখ শোয়েবুল আলম এনডিসি।

বিশেষ অতিথী হিসাবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিন্জার চাকমা,পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপি এম-সেবা।প্রতিবারের মতো এবারো সর্বোচ্ছ আখচাষী সেরা ফলনকারী কৃষককেও সম্মানা দেয়া হবে।

দামুড়হুদার বিভিন্ন ইউনিয়নে সড়ক ও মসজিদ নির্মান কাজের উদ্ধোধন

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৭টি সড়ক নির্মান কাজ ও একটি মসজিদ নির্মান কাজে উদ্ধোধন করেছেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল বুধবার দিনভর তিনি নাটুদহ ইউনিয়ের চন্দ্রদাস কার্পাসডাঙ্গা ইউনিয়ের হুদাপাড়া নতিপোতা,ইউনিয়ের ভগিরাতপুর জুড়ানপুর, ইউনিয়ের দলীয়ারপুর, গোকুল খালী, লক্ষিপুর হাট এবং দামুড়হুদা ইউনিয়ের পুরাতন বাস্তপুরে ৩ কোটি ২৯ লাখ টাকা ব্যায়ে ৭টি সড়ক নির্মান কাজের ও ডিসি ইকো পার্কে মসজিদ নির্মান কাজের শুভ উদ্বোধন করেন।

উদ্ধোধনকালে হাজী আলী আজগার টগর বলেন, বাংলাদেশের উন্নয়নের রুপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ উন্নয়নের স্বর্ন শেখরে। জাতির জনকের স্বপ্ন পৃরনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন তিনি। অবহেলিত এই জনপদের উন্নয়ন হয়েছে চোখে পড়ার মত।সারা বাংলাদেশসহ আমাদের এলাকায় রাস্তা ব্রীজ,কালভার্ট স্কুল, কলেজ,মাদ্রাসা মসজিদ, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানে ব্যাপক উন্নয়ন হয়েছে। এ সব উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিএনপি-জামাত,তারা অহেতুক অরাজকতা সৃষ্টি করে নির্বাচন বানচালসহ ঘোলা পানিতে মাছ শিকারের পায়তারা করছে। একাত্তরের পরাজিত শক্তি জামাত ও বিএনপি যতই অরাজকতা সৃষ্টি করুক না কেন এদেশের জনগন তা শক্তহাতে প্রতিহত করবে।তাই আসুন দেশের উন্নয়ন অব্যহত রাখতে বিরোধী দলের অপশক্তিকে রুখে দিতে আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকার গঠনে সহায়তা করি।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু , দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা,কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি

দর্শনা কেরুজ চিনিকল ও কৃষি খামার আখ রোপনের উদ্ধোধন

দর্শনা কেরুজ চিনিকল পরিদর্শন ও কৃষি খামারে পীট পদ্ধতি আখ রোপন,আখচাষীদের সাথে মতবিনিময় ও রোপন মৌসুমের শুভ উদ্ধোধন করেন।

গতকাল শনিবার দুপুরে বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান (গ্রেড-১) কেরুর কৃষি খামার পরিদর্শন করেছেন। চিনিকল সুত্রে জানাযায় বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান শেখ সোয়েবুল আলম এন ডিসি সপ্তাহ তিনেক আগে এ দায়িত্বে নিয়োজিত হন। অন্য মিলে যাওয়ার আগেই তিনি গতকাল শনিবার সকালে কেরু চিনিকল কারখানা ও ডিষ্টিলারী ঘুরে ঘুরে দেখেন এবং বিভিন্ন বিষয়ে খোজ খবর নেন। কেরু মিল পরিদর্শন শেষে দুপুরে কেরুর কৃষি খামার পরিদর্শন করেন। প্রথমেই তিনি ঈশ্বরচন্দ্রপর গ্রামের আখ চাষী আব্দুল হান্নানের জমিতে আখ রোপন করেন।

পরে জীবননগর উপজেলার উথলী ইউনিয়ের মিলস গেট উথলীর ৫নং ইউনিটের সিডিএ সাকী মাহমুদের তত্ত্বাবধানে আফজালুল হক ধীরু,শামীম হোসেন,শওকত,কাওসার, রাশিদুল, আমির,ছমির ও আখ চাষী হাবিবুরের জমিতে ১৮ একর আখ রোপন মৌসুমের উদ্ধোধন করেন। আখ রোপন শেষে দোয়া মাহফিল অনুষ্টিত হয়।
আখ রোপন শেষে কেরুর ডিহিকৃষ্ণপুর কৃষি খামারে সুগার প্লান্টে আখ রোপন,পিট পদ্ধতিতে আখ রোপন দেখেন ও মিলজোন এলাকার দুজন চাষীর জমিতে আখ রোপনের উদ্বোধন করেন। তার আগে উথলি একজন আখচাষীর জমিতে আখ রোপন করেন ও স্হানীয় চাষীদের সাথে এক মত বিনিময় সভা করেন।

কেরুর এম ডি মোহাম্মদ মোশারফ হোসেনের সভাপতিত্বে প্রধান অথিতির বক্তব্যে কর্পোরেশন চেয়ারম্যান শেখ শোয়েবুল আলম এনডিসি চাষীদের উদ্দেশ্যে বলেন সরকার অখের দাম এ মৌসুমে প্রতিমন ২২০

টাকা বাড়িয়েছে, আগামী মৌসুমে পাবেন প্রতিমনে ২৪০ টাকা। তার পরেও সরকার আপনাদের পাশে আছে,,যখন যা প্রয়োজন তা অবশ্যই করা হবে,,চাষী সংক্রান্ত সব সুযোগ করে দেয়া হবে,,তিনি বলেন আখচাষ বাড়ান,সাথে ফলনটাও বাড়ান, প্রয়োজনে সাথী ফসল করে অধিক মুনাফা অর্জন করুন। চাষীদের সাথে মত বিনিময শেষে কেরুর ডিহি কৃষি খামারে আসেন। খামারের আখ রোপন দেখেন ও অফিসে কিছু সময় কাটান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, কর্পোরেশনের সচীব চৌধুরী রুহুল আমিন কায়সার,দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্যা ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মম মোশারফ হোসেন, জি এম (কৃষি) আশরাফুল আলম ভুঁইয়া, মহাব্যাবস্থাপক ডিস্টিলারি রাজিবুল হাসান, কেরুজ প্রশাসন বিভাগের এডিএম ইউসুফ আলী, ডি জি এম (খামার) সুমন কুমার, ডিজিএম মাহাবুব হাসান,ডিহিকৃষ্ণপুর খামার ইনচার্জ ইমদাদুল হক, দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ,সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, যুগ্ন সম্পাদক মোস্তফিজুর রহমান, বিকাল চারটায় তিনি ঢাকার উদ্দেশ্যে দর্শনা কেরু চিনিকল ত্যাগ করেন।

মেহেরপুরে ফার্স্ট চয়েজ ফ্যাশন হাউজের উদ্ধোধন

আধুনিক পোশাক এবং দৈনন্দিন জীবনের বিভিন্ন সামগ্রী নিয়ে মেহেরপুরে ‘ফার্স্ট চয়েজ ফ্যাশন হাউজ’ নামের একটি দোকানের উদ্ধোধন করা হয়েছে।

আজ বুধবার(৩০ আগষ্ট) মেহেরপুর পৌর এলাকার কাঁশারীপাড়ায় এই ফার্স্ট চয়েজ ফ্যাশন হাউজের উদ্ধোধন করা হয়।

ফার্স্ট চয়েজ ফ্যাশন হাউজের স্বত্বাধিকারী মিলন চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রতিষ্ঠানটির উদ্বোধন করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান।

স্বর্ণালী ফুল ঘরের স্বত্বাধিকারী রাশেদ খানের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সিনিয়র সহ-সভাপতি শেখ মমিন, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন, দপ্তর সম্পাদক আবু হোসাইন কাঁকন প্রমুখ।